

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০১৩.২৪ নথির বিষয়: Supply & fitting fixing of 05 (Five) Nos Ceiling Fan for different DTW's Pump houses under MODS Zone-3, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Supply & fitting fixing of 05 (Five) Nos Ceiling Fan for different DTW's Pump house under MODS Zone-3, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৩/২৪ ৩:৩৬ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগত করানো যাচ্ছে যে, সম্মানিত গ্রাহকদের নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে ঢাকা ওয়াসার গভীর নলকূপ সমূহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজন হয়। গভীর নলকূপ সমূহ চালু রাখার স্বার্থে পানির পাম্প হাউজে রোষ্টার মোতাবেক প্রতিদিন ২৪ ঘন্টা পাম্প চালকগন দায়িত্ব পালন করেন। পাম্প হাউজের অভ্যন্তরে যে সকল বৈদ্যুতিক ইকুইপমেন্ট থাকে সেগুলো হতে প্রতিনিয়ত প্রচুর তাপ উৎপন্ন হওয়ায় পাম্প হাউজের অভ্যন্তরে নিয়মিত স্বাভাবিকের চাইতে বেশি তাপমাত্রা থাকে। পাম্প চালকদের ডিউটি পালন করার স্বার্থে দিন ও রাতের বেশিরভাগ সময় পাম্প হাউজে বিদ্যমান বৈদ্যুতিক ফ্যান চালু রাখতে হয়। ফলশ্রুতিতে কয়েক বছর পর পর বৈদ্যুতিক ফ্যান নষ্ট হয়ে যাওয়ার ঘটনা ঘটে। দীর্ঘ দিনের পুরাতন ও লো-পারফরম্যান্স বিশিষ্ট বেশ কিছু বৈদ্যুতিক ফ্যান প্রতিস্থাপন করা জরুরী বিধায় ইতোমধ্যে সংশ্লিষ্ট বিভাগে বৈদ্যুতিক ফ্যানের চাহিদা প্রেরণ করা হয়েছে। যে সকল পাম্প হাউজে বর্তমানে বৈদ্যুতিক নষ্ট ফ্যান রয়েছে কিন্তু মেরামত যোগ্যও নয় সেই সকল পাম্পের পাম্প চালকগন গ্রীষ্ম কাল আসন্ন হওয়ায় জরুরী ভিত্তিতে বৈদ্যুতিক ফ্যান সরবরাহ ও স্থাপন করার জন্য অনুরোধ করছেন। আপাততঃ জরুরী ভিত্তিতে ৫ (পাঁচ) টি পাম্প হাউজে ফ্যান সরবরাহ ও স্থাপন করার আবশ্যিকতা রয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৩/২৪ ৩:৩৭ অপরাহ্ন

অত্র মডস জোনের বিভাগীয় সাব স্টোরে বর্তমানে কোনো বৈদ্যুতিক সিলিং ফ্যান মজুদ না থাকায় জরুরী প্রয়োজনে পাম্প হাউজের মত সংবেদনশীল জায়গায় ফ্যান সরবরাহ করা সম্ভব হচ্ছেনা। জরুরী ভিত্তিতে ৫ (পাঁচ) টি বৈদ্যুতিক সিলিং ফ্যান ক্রয় ও স্থাপন করার লক্ষ্যে একটি প্রাক্কলণ প্রস্তুত করতঃ সংযুক্ত করা হলো। প্রস্তুতকৃত প্রাক্কলনে সিলিং ফ্যান ক্রয় ও স্থাপন বাবদ মোট ব্যয়ের পরিমান ধরা হয়েছে ২৪,৮৮৫/- (চব্বিশ হাজার আটশত পঁচাশি) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোনের চলতি ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-15.1 এর SL No-17 হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বের অনুমোদিত দর।
- ৩। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৩/২৪ ৩:৩৭ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Supply and fitting fixing of 05 (Five) Nos Ceiling Fan for different Pump house under MODS Zone-3, Dhaka WASA কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ২৪,৮৮৫/- (চব্বিশ হাজার আটশত পঁচাশি) টাকার প্রাক্কলণটি অনুমোদন।

খ) পিপিআর-২০০৮ এর বিধি - ৮১ (১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন; যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-15.1 এর SL No-17 খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উপরিউক্ত প্রস্তাবনা সমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সনিয়ে পেশ করা হলো।

২৫/৩/২৪ ৩:৩৬ অপরাহ্ন
তৌফিক আহমাদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৫/৩/২৪ ৪:১২ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩


২৭/৩/২৪ ১২:২৪ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৯/৩/২৪ ৯:০২ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

~~২৯/৩/২৪ ৯:০২ পূর্বাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও~~
~~রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/৩/২৪ ৯:৪৪ অপরাহ্ন
Okay

			
২৯/৩/২৪ ৯:৪৪ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩০/৩/২৪ ১২:৪৪ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	৩০/৩/২৪ ১০:২৩ অপরাহ্ন জয়ন্ত সাহা নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৩	৩০/৩/২৪ ১০:২৩ অপরাহ্ন তৌফিক আহম্মদ চৌধুরী উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৩